জীবননগরে এমপি টগরকে সংবর্ধনা প্রদান

চুয়াডাঙ্গা-২ আসনে টানা ৪র্থ বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় হাজী আলী আজগর টগরকে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা চত্বরে এক আলোচনা সভা শেষে এই সংবর্ধনা দেওয়া হয়।

উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান গোলাম মোর্তুজা, সহকারী কমিশনার (ভূমি) তিথী মিত্র, পৌর মেয়র রফিকুল ইসলাম, ভাইস-চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি এস এম জাবিদ হাসান, জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীন, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, হাসাদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবি বিশ্বাস, আন্দুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মির্জা লিটন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লাসহ ইউপি সদস্য, বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদকগন উপস্থিত ছিলেন ।

এদিকে আলোচনা সভা শেষে জীবননগর উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও ইয়ুথ এ্যাসেম্বলির পক্ষ থেকে সম্মাননা স্মারক ক্রেষ্ট প্রদান করা হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা মাধ্যমিক অধিদপ্তরের মাধ্যমিক একাডেমিক সুপার ভাইজার আব্দুর জব্বার।

জীবননগরে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১টায় সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাসিনা মমতাজ, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস, এম জাবীদ হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেলিনা আক্তার সীমু, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ সকল দপ্তরের কর্মকর্তা এসময় উপস্থিত ছিলেন।

দর্শনা সড়কের ৭৯ টি গাছ কাটার অপরাধে ৮ জনের বিরুদ্ধে মামলা

দর্শনা পরানপুর মোড় থেকে লোকনাথপুর পর্যন্ত সড়ক নিমার্ন কাজ চলাকালীন অবস্থায় ৭৯টি গাছ কাটার অপরাধে মকুল শাহসহ ৮ জনের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে।

সড়কের পাশে জমির কৃষকরা তাদের জমির সামনের গাছ বিভিন্ন প্রজাতির ৭৯টি গাছ কেটে নেয়। এ খবর পেয়ে গত ২০/০২/২০২৪ তারিখ বিকাল ৫টার দিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতা জেলা পরিষদের নিবার্হী প্রধান মিজানুর রহমান ও সহকারী নিবার্হী ইসরাইল হোসেনসহ বেশ কয়েকজন কর্মকতার্ ঘটনা পরিদর্শন করেন।

এ ঘটনায় পুলিশ বাদী হয়ে পরানপুর গ্রামের হাজী গোলজার মিয়ার ছেলে আনোরুল অজিম (৪৫), বাবর আলীর ছেলে খোকন (৪০,সানোয়ার মন্ডলের ছেলে বাবু (৪২), মাসুদ (৪৫) পিতা অজ্ঞাত, নবাব আলীর ছেলে মহসিন আলী, লোকনাথপুর মৃত ওয়াদুদ শাহের ছেলে গ্রামের মুকুল শাহ (৪৫), ইদ্রিস আলী (৪০) পিতা অজ্ঞাত, লোকনাথপুর গ্রামের সদু মিয়ার ছেলে রমজান আলী (৪০), হাবিবুর রহমানের ছেলে গটু (৪৫)সহ আরো ৫/৬ জনের বিরুদ্ধে আসামী করে দর্শনা থানায় একটি মামলা হয়েছে।

এ সব জমির মালিকদের কাছে বিষয়টি জানতে চাইলে জমির মালিকরা বলেন, আমাদের জমির সামনে সড়কের পাশে আমাদের নিজেদের লাগানো এই গাছগুলো। আমাদের গাছ কাটার কোন প্রয়োজন ছিলো না। পরানপুর গ্রামের সার ও কীটনাশক বিক্রেতা বলেন কয়েকদিন আগে সড়ক নিমার্নের সাথে সংশ্লিষ্ট সেলিম উদ্দিন নামে একজন সরকারি পরিচয় দিয়ে বলেন, সড়কের কাজ চলছে আপনাদের যার যার জমির পাশের সড়কের গাছ আছে সেগুলো কেটে নেন। এ কথা শুনার পর আমরা আমাদের জমির সামনের সড়কের পাশের গাছ কেটে নিয়।

এ ছাড়াও কৃষকরা আরো বলেন, আমাদের লাগানো গাছ গুলো কেটে নিয়েছি। আর এঘটনায় এখন আমাদের বিরুদ্ধে মামলা হয়েছে। আমাদের কি অপরাধ। বিষয়টি সঠিক তদন্ত করে আমাদের বিরুদ্ধে মামলা প্রত্যহারের দাবী করছি।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহা বলেন,দর্শনা পরানপুর – লোকনাথপুর সড়কের গাছ কাটার অপরাধে ২১ফেব্রুয়ারি বুধবার ৮ জনের নাম উল্লেক করে অজ্ঞাত ১৫-২০ জনের নামে মামলা হয়েছে যার মামলা নং১৫।

দামুড়হুদায় প্রশাসনের হস্তক্ষেপে বাল্যবিবাহ বন্ধ

দামুড়হুদা উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হলো আরও একটি বাল্যবিবাহ। বরযাত্রীর খাবার গেলো এতিমখানায়। ঘটনাটি ঘটেছে উপজেলার কানাইডাঙ্গা গ্রামে। এ ঘটনায় বর ও কনে উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বেলা সাড়ে ১২ টার দিকে। অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে বাল্যবিবাহর আয়োজন করা হচ্ছে মর্মে সংবাদ পাওয়ায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় বাল্যবিবাহ বন্ধ করা হয়। বর ঠাকুরপুর গ্রামের আলী হোসেন এর ছেলে শামীম। ঘটনার সত্যতা পেয়ে বর ও কনে পক্ষের দুইজনকে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ০৮ ধারায় বর পক্ষকে ৮ হাজার এবং কনে পক্ষকে ৫ হাজার, উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

এসময় বরযাত্রী ও অন্য অতিথিদের জন্য রান্না করা খাবার কার্পাসডাঙ্গা মদিনাতুল উলুম মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির একটি চৌকস টিম।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা

সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে জেলা শিল্পকলা একাডেমির পরিচানলায় এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনটা একদিকে বেদনাবিধুর। আর একদিকে আমাদের শক্তি ও সাহস এগিয়ে চলার পথ প্রদর্শক। বাঙ্গালী জাতীর যা কিছু তার সবই রক্তের বিনিময়ে অর্জন করতে হয়েছে। সেই রক্তকেই আমরা ভুলতে বসেছি। আমাদের ভুলে গেলে চলবে না। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু ক্লাসের বই পড়ে শিক্ষীত হলে হবে না। আমাদের দেশটা কিভাবে বাংলাদেশ হয়ে তার ইতিহাস জানতে হবে। ক্লাসের বইয়ের পাশাপাশি স্বাধিনতার ইতিহাস পড়তে হবে। বিজাতী চক্র থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। তিনি আরও বলেন, আমাদের সময় যখন প্রভাতফেরি হতো তখন আমরা খালিপায়ে রাস্তায় হেটেছি। কিন্তু আজকের যুগের ছেলে-মেয়েদের আধুনিকতার ছোঁয়ায় সেটা হারিয়ে গেছে।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গার পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন প্রমুখ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সী আবু সাইফের প্রাণবন্ত সঞ্চালনায় আলোচনা সভায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সহযোগী অধ্যাপক ও বাংলা বিভাগের বিভাগীদ প্রধান ড. মো. আব্দুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও

আইসিটি) কবীর হোসেন, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর আবু রাশেদ, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, জেলা মার্কেটিং অফিসার সহিদুল ইসলাম, এসএ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি বিপুল আশরাফ সহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

দামুড়হুদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী ভাষা শহীদদের স্মরণে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ বুধবার দিনব্যাপি বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এর মধ্যে প্রভাতফেরী র্যালি আলোচনা সভা পুরস্কার বিতরণী সংগীতানুষ্ঠান ও সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সকালে প্রভাতফেরী র্যালী শেষে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে সহিদ মিনারে সরকারি প্রতিষ্ঠান সহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণ করেন। পরে সংগীতানুষ্ঠান আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার

ওসি তদন্ত মাহবুবুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ প্রমূখ।

দুপুরে ও বিকালে মসজিদ মন্দির সহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবস। বুধবার একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গার কেন্দ্রীয় শহীদ মিনারে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানোর জন্য একতা হয় চুয়াডাঙ্গা জেলার রাজনৈতিক সামাজিক সাংস্কৃতিক স্বেচ্ছাসেবী ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এ সময় তারা ফুল দিয়ে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি প্রথমে ফুল দিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

এরপর চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। জেলা পরিষদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সাধারণ সম্পাদক, চুয়াডাঙ্গা

জেলা প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি সাধারণ সম্পাদক পুষ্পস্তবক অর্পণ করেন।এরপর রাজনৈতিক সংগঠনের মধ্যে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, সেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ। জেলা বিএনপি পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয় এময় যুবদল, ছাত্রদল,সেচ্ছাসেবক দল এ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ড,রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিট, চুয়াডাঙ্গা জেলা রোভার,জেলা স্কাউটস এর পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপর বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রভাত ফেরী সকাল ছয়টা থেকে শুরু হয়ে চলে দিনব্যাপী। এ সময় সকাল থেকে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য ভিড় করতে থাকে বিভিন্ন স্কুল কলেজ মাদ্রাসা সামাজিক সংগঠন পেশাজীবি সংগঠন রাজনৈতিক সংগঠন সহ সাংস্কৃতিক সংগঠনের ব্যক্তিবর্গ।

এ সময় ফুল দিয়ে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়,চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়, চুয়াডাঙ্গা একাডেমি স্কুল, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, চুয়াডাঙ্গা নার্সিং ইনস্টিটিউট, রাহেল খাতুন গার্লস একাডেমি, ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়,গার্লস গাইড, চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক, গ্রামীণ ব্যাংক,জনতা ব্যাংক,চুয়াডাঙ্গা জেলা মহিলা ক্রিয়া সংস্থা, লেডিস ক্লাব, বহুমুখী মানব কল্যান সংস্থা, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট, প্রথম আলো বন্ধুসভা, ওয়েভ ফাউন্ডেশন সহ বিভিন্ন প্রতিষ্ঠান এ দিবস উপলক্ষে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনারের দক্ষিনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের মুক্ত মঞ্চে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা বাংলা বিভাগের বিভাগীয় প্রধান এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ড. আব্দুল আজিজ এর সভাপতিত্বে আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ ফারজানা কেতকী, শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম সহ সরকারি কলেজের শিক্ষক পরিষদের শিক্ষক মন্ডলী বৃন্দ।

এ সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ ও চুয়াডাঙ্গা জেলা শিল্পকলার যৌথ আয়োজনে সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত অনুষ্ঠিত হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পরবর্তীতে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়েরদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা জেলা কারাগারে কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গায় চুরি মামলায় জেলা কারাগারে থাকা আসামি মিঠু মিয়া
(৪০) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে।

গতকাল মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) রাত সাড়ে ১১টার দিকে জেলা কারাগার থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মেডিসিন বিভাগে ভর্তির কিছুক্ষণ পর তার মৃত্যু হয়। মিঠু মিয়া দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের ফজলু মিয়ার ছেলে। সে দামুড়হুদা থানার ১৮/২৪ নং মামলার ৩৭৯/৪১১ ধারার আসামি।

পরিবারের দাবি মিথ্যে চুরির অপবাদে গণপিটুনি ও পুলিশি নির্যাতনের কারণে মিঠু মারাগেছে। আমরা এ ঘটনার সুষ্ট তদন্ত পূর্বক দোষিদের শাস্তি চাই।

বুধবার রাত সাড়ে ১২টার দিকে তার মৃত্যু নিশ্চিত করেন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত ডা. আল ইমরান জুয়েল।

চুয়াডাঙ্গা জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেল সুপার দেওয়ান মোহাম্মদ তারিকুল ইসলাম জানান, মিঠু মিয়া গত ১৭ ফেব্রুয়ারি একটি চুরি মামলায় কারাগারে আসেন। মঙ্গলবার রাত সাড়ে ১০টার দিকে তিনি অসুস্থবোধ করেন। এসময় দ্রুত তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। হাসপাতালে চিকিৎসাধিন অবস্থায় রাত সাড়ে ১২ টার দিকে চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা করে তাকে মৃত ঘোষণা করেন।

নিহত মিঠু মিয়ার বড় ভাই বাবলু, বড় বোন দলিয়ারা খাতুন, দুলাভাই ছুরাপ হোসেন, চাচা আব্দুল হান্নান ও প্রতিবেশী বাবু জানান, মিঠু

রাজ মিস্ত্রির কাজ করতো। ঘটনার রাতে মিঠু রাস্তায় হাটতে হাটতে মোবাইলে কথা বলছিল। এক পর্যায় গ্রামের শেষ পাড়ার কয়েক জন তাকে ধরে বেধড়ক মারপিট করে ও রাস্তায় ফেলে চটকায়। পরে তাকে নতিপোতা ইউনিয়নের ৩নং ওয়ার্ড ভগিরথপুর গ্রামের ইকতার মেম্বারের বাড়ি আটকে রাখে। সংবাদ পেয়ে আমরা মেম্বারের বাড়িতে গেলে মিঠুর সাথে আমাদের দেখা করতে বা কথা বলতে দেয়নি। পরে তাকে ভগিরথপুর ক্যাম্প পুলিশের কাছে দেওয়া হয়।

মিঠুকে ক্যাম্পে দেওয়ার পর দুলাভাই ছুরাপ হোসেন তার সাথে দেখা করে। এসময় মিঠুর কান ও নাক দিয়ে রক্ত পানি ঝরছিল বলে জানান ছুরাপ।

দুলাভাই ছুরাপ হোসেন অভিযোগ করে বলেন, পুলিশ ক্যাম্পে মিঠুকে দেওয়ার পর মেম্বার ইকতার আমাকে বলে পুলিশকে ১৫ হাজার টাকা দিতে হবে। টাকা না দিলে পুলিশ রাতে মিঠুকে মারবে। কিন্তু ওই রাতে আমরা টাকা ম্যানেজ করতে পারেনি।

নতিপোতা ইউনিয়নের ৩নং ওয়ার্ড ভগিরথপুর গ্রামের ইকতার মেম্বার এ অভিযোগ অশিকার করেছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক আল ইমরান জুয়েল জানান, গতকাল মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে জেলা কারাগারের পুলিশ সদস্যরা এক কয়েদীকে বুকে ব্যথা নিয়ে হাসপাতালে নিয়ে আসেন। হাসপাতালের পুরুষ মেডিসিন ওয়ার্ডে ভর্তির ২০-২৫ মিনিট পরেই তার মৃত্যু হয়। তার মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবির জানান, গত ১৬ ফেব্রুয়ারি রাতে ভ্যান চুরির অপরাধে স্থানীয়রা মিঠু মিয়া নামের এক ব্যক্তিকে গণধোলাই দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে আটক করে। পরদিন সকালে তাকে চুরির মামলায় আদালতে প্রেরণ করা হয়।

জীবননগরে শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালিত

জীবননগরে যথাযোগ্য মর্যদার মধ্যে ২১ শে ফেব্রয়ারি শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

আজ বুধবার সকালে শহীদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস উপলক্ষে জীবননগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি প্রভাতফেরীর র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, বীর মুক্তিযোদ্ধা বদর উদ্দিন প্রমুখ।

দামুড়হুদায় একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ

আমার ভাইয়ের রক্তে রাঙ্গানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিনম্র শ্রদ্ধা ও যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবসে ভাষা শহীদদের স্মরণ করেছে দামুড়হুদা উপজেলার বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

এ উপলক্ষে রাত ১২টা ১ মিনিটে উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম

প্রাঙ্গণে উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে প্রথমেই পুষ্পস্তাবক অর্পণ করেন চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, এরপরে একে একে দামুড়হুদা উপজেলা প্রশাসন, দামুড়হুদা উপজেলা পরিষদ, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দর্শনা পৌরসভা, দামুড়হুদা সদর ইউনিয়ন, উপজেলা আওয়ামী লীগ, দামুড়হুদা প্রেসক্লাব, উপজেলা যুবলীগ, উপজেলা শ্রমিক লীগ, উপজেলা সাব রেজিস্ট্রার, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে, উপজেলা ছাত্রলীগ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন শহীদ মিনারে পুস্তক অর্পণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী প্রমূখ।